

# কানাডা প্রবাসী যুথিকা বড়ুয়া জ্যোতি ও ইন্দিরা বড়ুয়ার নতুন সিডি প্রকাশ

শিল্পী যুথিকা বড়ুয়া জ্যোতি। কানাডা প্রবাসী এই বাঙালি নারী সংগীত শিল্পী হিসেবে সেখানে দারুণভাবে সমাদৃত। গত ২ নভেম্বর, ২০১৫ তারিখ সোমবার তিনি কোলকাতার মেনকা সিনেমা হলের নিকটস্থ গ্যালারী গোল্ড এ সাগরিকা মিউজিক প্রাইভেট লিঃ হতে মেয়ে ইন্দিরা বড়ুয়ার সাথে প্রকাশ করেছেন মন ময়ুরী নামে একটি আধুনিক বাংলা গানের সিডি। এটি তাঁর দ্বিতীয় এ্যালবাম, এর আগেও যুথিকা বড়ুয়া জ্যোতি সাগরিকা হতে ‘জীবনের সাজঘর’ নামে আরও একটি সিডি বের করেছিলেন। সুমধুর কণ্ঠের অধিকারী মা মেয়ের এই সিডি শ্রোতাদের মন কাড়তে পারবে বলে অভিজ্ঞজনেরা মনে করছেন। সিডি রিলিজের সময় বিভিন্ন প্রেস মিডিয়ার ব্যক্তিবর্গ সহ উপস্থিত ছিলেন কোলকাতার জনপ্রিয় সঙ্গীত শিল্পী ইন্দ্রানী সেন, সঙ্গীত শিল্পী ও অভিনেত্রী স্বাগতা মুখার্জী এবং বিশিষ্ট সঙ্গীত শিল্পী ও সুরকার সৌম্য বোস প্রমুখ।

কোলকাতার একজন ফ্রিল্যান্সার সাংবাদিক ফটোগ্রাফার পার্থ সারথি গোপে তাঁর ফেসবুকে সিডি রিলিজের কিছু ছবি দিয়ে লেখেন, সুদূর কানাডা থেকে কোলকাতা পাড়ি- মা আর মেয়ে শুধু সঙ্গীতের টানে। মেয়ের ওদেশেই বড় হওয়া, বাংলা কথাও ঠিক ভাবে বলতে পারেনা। ভাষার টান মাটির টান আর সেই টানেই বাংলা আধুনিক গানের সিডি প্রকাশ। অসাধারণ গাইল মেয়েটি। নাম ইন্দিরা, খুব ভাল গলা, মন ছুয়ে যায়। মা জ্যোতি সুর তার কথাও তার .....। এক বাক্যে অসাধারণ ...। সাথে আর এক পাওনা সৌম্য বোসের সঙ্গীত আয়োজন পুরো জমে গেছে সিডি’র নাম ‘মন ময়ুরী’। শুনে বলা বন্ধুরা, আশাকরি ভাল লাগবে। আজ সিডি রিলিজ হল গ্যালারী  
গোল্ড  
এ।

উল্লেখ্য কোলকাতা কেন্দ্রিক যুথিকা বড়ুয়া জ্যোতি দীর্ঘ দিন যাবত কানাডার টরেন্টোতে বসবাস করছেন। সেখানে তিনি বুদ্ধ পূর্ণিমা সহ উত্তর আমেরিকার নানা বৌদ্ধ সম্মেলনে অংশ গ্রহণ ছাড়াও বিভিন্ন কমিউনিটিতে সংগীত পরিবেশন করে থাকেন। উত্তর আমেরিকার বাঙালি

কমিউনিটির কাছে তিনি একজন সংস্কৃতিসেবী হিসেবে খুবই জনপ্রিয়। তিনি একাধারে সংগীত শিল্পী, গীতিকার, সুরকার ও কাহিনীকার। তাঁর গানের সিডির কথা ও সুর তাঁর নিজের করা।

